



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

তারিখ: ১৯ চৈত্র ১৪২৬
০২ এপ্রিল ২০২০

নং-৪৬.৪২.০০০০.০০০.২২.০০০২.১৫(২)-৫৬১

বিষয়: করোনাভাইরাস জনিত পরিস্থিতি মোকাবেলায় ত্রাণ সহায়তা প্রদানসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.৪২.০০০০.০০০.২২.০০০২.১৫(২)-৪৯৩; তারিখ: ২১/০৩/২০২০।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে দেশে করোনাভাইরাস সংক্রমনরোধে জনস্বার্থে জেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে নিজস্ব উদ্যোগে জনসাধারণের মধ্যে মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার/হ্যান্ড ওয়াশ বিতরণ এবং করোনাভাইরাস বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলা পরিষদের বিভিন্ন ওয়ার্ডে লিফলেট বিতরণ ও মাইকিং কার্যক্রম গ্রহণ করার জন্য সূত্রোক্ত স্মারকের মাধ্যমে অনুরোধ করা হয়।

২। বর্তমানে করোনাভাইরাস জনিত পরিস্থিতি মোকাবেলার জন্য দেশের দরিদ্র জনসাধারণকে ত্রাণ সহায়তা প্রদানসহ আনুষঙ্গিক অন্যান্য উদ্যোগ জেলা পরিষদ গ্রহণ করতে পারে। জেলা পরিষদ বাজেট বিধিমালা, ২০১৭-তে এ ধরনের কার্যক্রম গ্রহণের জন্য রাজস্ব তহবিলের অর্থ ব্যয়ের কতিপয় খাত (যেমন: ত্রাণ তহবিল, তাৎক্ষণিক ব্যয়, অপ্রত্যাশিত ব্যয়, সমাজ কল্যাণ, অর্থনৈতিক কল্যাণ ইত্যাদি) রয়েছে। করোনাভাইরাসজনিত পরিস্থিতি মোকাবেলায় এ সকল খাত হতে জনকল্যাণে জেলা পরিষদসমূহ অর্থ ব্যয় করতে পারে।

৩। এমতাবস্থায়,

(ক) করোনাভাইরাস জনিত পরিস্থিতি মোকাবেলায় জেলা পরিষদ বাজেট বিধিমালা, ২০১৭ এর বিধান অনুযায়ী রাজস্ব তহবিলের বাজেটের ত্রাণ তহবিল, তাৎক্ষণিক ব্যয়, অপ্রত্যাশিত ব্যয়, সমাজ কল্যাণ ও অর্থনৈতিক কল্যাণ ইত্যাদি খাত হতে দেশের দরিদ্র জনসাধারণকে ত্রাণ সহায়তা প্রদানসহ করোনা প্রতিরোধে মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার/হ্যান্ড ওয়াশ বিতরণ এবং করোনাভাইরাস বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য লিফলেট বিতরণ ও মাইকিং করাসহ অন্যান্য প্রয়োজনীয় উদ্যোগ সংশ্লিষ্ট বিধি বিধান অনুসরণপূর্বক গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(খ) জেলা পরিষদ কর্তৃক গৃহিত এ সকল কার্যক্রম সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো।

(গ) করোনাভাইরাস জনিত পরিস্থিতি মোকাবেলায় জেলা পরিষদ কর্তৃক গৃহিত সকল কার্যক্রম স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৪। বিষয়টি অতীব জরুরি।

J. M. Azin
02/08/2020
(ড. জুলিয়া মঈন)
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

email:lgzp@lgd.gov.bd

১। চেয়ারম্যান, জেলা পরিষদ,..... জেলা (সকল)।

২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,..... জেলা (সকল)।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার,.....বিভাগ (সকল)।
- ৫। পরিচালক, স্থানীয় সরকার,.....বিভাগ (সকল)।
- ৬। জেলা প্রশাসক,..... জেলা (সকল)।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার,.....উপজেলা,.....জেলা (সকল)।
- ১০। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।